

একটিভিটি ফর রিফরমেশন অব বেসিক নীডস-আরবান
কলেজ রোড, রাজপাড়া, পূর্বধলা, নেত্রকোণা।

মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

তারিখ : ২১ অক্টোবর ২০২২ খ্রী:
সময় : ১০.০০ টা
স্থান : ডিবি রোড, সেহড়া মুন্সীবাড়ি মোড়, ময়মনসিংহ

সভার উদ্বোধন :

একটিভিটি ফর রিফরমেশন অব বেসিক নীডস-আরবানের রিজিওনাল অফিসে (ডিবি রোড, সেহড়া মুন্সীবাড়ি মোড়, ময়মনসিংহ) আরবান ও এর অঙ্গ সংগঠনসমূহের ম্যানেজারদের নিয়ে দিনব্যাপী মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সকল ম্যানেজারদের উপস্থিতি নিশ্চিত করার পর সকাল ১০টায় সমন্বয় সভা শুরু হয়। স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার উদ্বোধন ঘোষণা করেন আরবান এর নির্বাহী পরিচালক সৈয়দ আরিফুজ্জামান। এসময় সভায় উপস্থিত ছিলেন আরবান এর নির্বাহী পরিচালক জনাব সৈয়দ আরিফুজ্জামানের কন্যা নাজিবা ফাইরোজ অর্থী।

সভায় উপস্থিতি :

- ১। সৈয়দ আরিফুজ্জামান (নির্বাহী পরিচালক, আরবান)।
- ২। আবুল আরশাদ (প্রোগ্রাম কো-অর্ডিনেটর, আরবান)।
- ৩। ফিরোজ মিয়া (প্রশাসনিক কর্মকর্তা, আরবান একাডেমি)।
- ৪। সুহাদা মেহজাবিন (প্রোগ্রাম কো-অর্ডিনেটর, আরবান)।
- ৫। এন এম মামুন (ম্যানেজার, এইচ আর ও আইটি)।
- ৬। আজাদ ইমরান (প্রোগ্রাম ম্যানেজার, আরবান)।
- ৭। অসীম কুমার দত্ত (প্রোগ্রাম ম্যানেজার, বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন প্রকল্প)।
- ৮। মোস্তাক আহমেদ খান (ম্যানেজার, আজকের আরবান)।
- ৯। জিয়াউর রহমান (ম্যানেজার, আরবান সমবায় সমিতি)।
- ১০। রিমা আক্তার (ম্যানেজার, আরবান আইটি, পূর্বধলা)।
- ১১। তামান্না আক্তার (এসিস্ট্যান্ট ম্যানেজার, আরবান আইটি, পূর্বধলা)।

সভা পরিচালনা :

- সৈয়দ আরিফুজ্জামান, নির্বাহী পরিচালক, আরবান।
- সুহাদা মেহজাবিন, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, আরবান।
- এন এম মামুন, ম্যানেজার, এইচআর এন্ড আইটি, আরবান।

আলোচ্যসূচী:

- ১) প্রত্যেক ম্যানেজারকে কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন ও প্রতিষ্ঠান পরিচালনায় সফল ও সক্ষম হতে হবে।
- ২) প্রত্যেক ম্যানেজারকে অপরাপর প্রতিদন্দীদের সাথে প্রতিযোগিতায় সুস্পষ্ট অগ্রসরমান অবস্থায় থাকতে হবে।
- ৩) প্রত্যেক ম্যানেজারকে সর্বদা পোষাক-পরিচ্ছদে পরিপাটি থাকতে হবে।
- ৪) প্রত্যেক ম্যানেজারকে যোগ্যতার বিবেচনায় অবশ্যই অন্যান্য সহকর্মী ও অংশিজনদের সর্বাধিক আস্থা অর্জনে সক্ষম হতে হবে।
- ৫) প্রত্যেক ম্যানেজারকে সহকর্মী ও অন্যদের কাছে অনুকরণীয় হতে হবে।

- ৬) ম্যানেজারদের সর্বদা প্রতিষ্ঠানের প্রচার-প্রসার ও সংকট মোকাবেলায় ইতিবাচক ও জোড়ালো ভূমিকা পালন করতে হবে।
- ৭) ম্যানেজারদের সর্বদা প্রতিষ্ঠানের প্রচার-প্রসার ও সংকট মোকাবেলায় ইতিবাচক ও জোড়ালো ভূমিকা পালন করতে হবে।
- ৮) ম্যানেজারদের সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, সাংবাদিক, সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে আরবানকে মর্যাদাপূর্ণ অবস্থানে অধিষ্ঠিত করতে কার্যকর উদ্যোগ নিতে হবে।
- ৯) প্রত্যেক ম্যানেজারকে অন্যান্য সহকর্মীদের সাথে পেশাগত অবস্থান বিবেচনায় ভাষা ও আচরনে অবশ্যই সর্বোত্তম বৈশিষ্ট্যের পরিচয় দিতে হবে।
- ১০) প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা, আগামী দিনের জাতীয় ও বিশ্ব প্রেক্ষাপট বিবেচনায় সাফল্যের সাথে টিকে থাকতে কঠোর পরিশ্রম, বাস্তবসম্মত কৌশল অবলম্বন ও পরিকল্পিত পদক্ষেপ গ্রহণে প্রত্যেক ম্যানেজারকে নিবেদিতপ্রাণ হয়ে কাজ করতে হবে।
- ১১) ম্যানেজারদের পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে আরবান পরিবারকে একটি শক্তিশালী টীমে পরিণত করতে জোড়ালো ভূমিকা পালন করতে হবে।
- ১২) প্রত্যেক ম্যানেজারকে স্ব-স্ব অফিস, কর্মক্ষেত্র, দাপ্তরিক ফাইল ও নথিপত্র যথা সময়ে গুছিয়ে রাখতে হবে।
- ১৩) প্রত্যেক ম্যানেজারকে আত্মপ্রত্যয়ী, চ্যালেঞ্জিং ও স্বাঙ্গিক হতে হবে।

সিদ্ধান্তসমূহ :

- ১) প্রত্যেক প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল ও যোগ্য ম্যানেজার থাকতে হবে।
- ২) ম্যানেজারদের অফিসের সময়সূচী মেনে চলার ক্ষেত্রে কোন ধরনের অনিয়ম কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবেনা।
- ৩) প্রত্যেক ম্যানেজারকে ডিসেম্বর-২২ এর মধ্যে নিজ নিজ দায়িত্বে সুহাদা মেহজাবিন ও মিঃ মামুন এর সহায়তায় পেশাগত প্রয়োজনে অবশ্যই প্রযুক্তি জ্ঞানে দক্ষতা অর্জন করতে হবে।
- ৪) ডিসেম্বর-২২ এর মধ্যে অবশ্যই সকল প্রতিষ্ঠানের নির্ধারিত কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে করতে হবে।
- ৫) জানুয়ারি-২৩ থেকে আয়ের সাথে ব্যয় এর সামঞ্জস্য রেখে সকল ক্ষেত্রে খরচ কমানো ও সর্বাধিক আয় বাড়াতে প্রত্যেক ম্যানেজারকে সার্বক্ষণিক সক্রিয় থাকতে হবে।
- ৬) সার্বিক কার্যক্রম মনিটরিং ও সমন্বয়ে সুহাদা মেহজাবিন ও মিঃ মামুন দায়িত্ব পালন করবেন, তাদেরকে সার্বক্ষণিক সহযোগিতা করা সকলের অবশ্য কর্তব্য।
- ৭) ডিজাইন ও কন্টেন্ট সমৃদ্ধ পূর্ণাঙ্গ ওয়েবসাইট তৈরি।
- ৮) প্রতিষ্ঠানের জন্য ভলান্টিয়ার নিয়োগের ক্ষেত্রে সকলকে ভূমিকা রাখতে হবে।

পরবর্তী মিটিং :

পরবর্তী সময় থেকে মাসিক সমন্বয় সভা প্রতি মাসের শেষ শনিবার অনুষ্ঠিত হবে। এছাড়া ১৫ দিন পরপর (মাসে দুইবার) অনলাইন প্ল্যাটফর্ম জুম মিটিংয়ের মাধ্যমে যুক্ত হয়ে কাজের অগ্রগতি যাচাই ও পরবর্তী করণীয় বিষয়ক আলোচনা করা হবে।

সভার সমাপ্তি :

সভায় সকল আলোচনা সম্পন্ন করার পর অংশগ্রহণকারীদের থেকে ফিডব্যাক নেয়া হয় এবং সমাপনী বক্তব্যের মধ্য দিয়ে দিনব্যাপী মাসিক সমন্বয় সভার সমাপ্তি ঘোষণা করেন আরবান এর নির্বাহী পরিচালক সৈয়দ আরিফুজ্জামান।

প্রস্তুতকারী

(সুহাদা মেহজাবিন)
প্রোগ্রাম কো-অর্ডিনেটর
আরবান।

অনুমোদনকারী

(সৈয়দ আরিফুজ্জামান)
নির্বাহী পরিচালক
আরবান।